



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ০৯ মে, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ০৯ মে, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিকাল সাড়ে ৪ টায় শারীরিক শিক্ষা ভবনে উন্মুক্ত দাবা, ক্যারম ও টেবিল-টেনিস প্রতিযোগিতা-২০১৮ এর ফাইনাল খেলার পুরস্কার বিতরণ করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে ওঠার জন্য পড়াশুনার পাশাপাশি খেলাধুলাকে এ বিশ্ববিদ্যালয় সব সময় উৎসাহিত করে। খেলাধুলার মাধ্যমে গড়ে উঠা ভ্রাতৃত্ব ও বন্ধুত্বের সম্পর্ক আগামী দিনে সকলের সাথে দেশের জন্য কাজ করার স্পৃহা সৃষ্টি করবে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন, খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর জনাব জহীর উদ্দিন আহমেদ, শারীরিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক চৌধুরী সউদ-বিন আশ্বিয়া।

উল্লেখ্য এ বছর ক্যারম (ছাত্রী) ইভেন্টে ইংরেজি বিভাগের মিনা রবি দাস, ক্যারম (ছাত্র) ইভেন্টে নৃবিজ্ঞান বিভাগের তাহরিম রায়হান সিদ্দিক, দাবা (ছাত্র) ইভেন্টে লোক প্রশাসন বিভাগের সৌরভ ভূইয়া, টেবিল-টেনিস (ছাত্র) ইভেন্টে সিএসই বিভাগের নিতেশ খারকা চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

পুরস্কার বিতরণ শেষে ৫ম আন্তঃ বিশ্ববিদ্যালয় গেম্‌সে বিজয়ী শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্যারম দলের সদস্য ইংরেজি বিভাগের মিনা রবি দাস, অর্থনীতি বিভাগের রিতু চন্দ্র এবং পদার্থ বিজ্ঞান বিভাগের নুজহাত আনজুমকে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ রঞ্জার পরিধান করান।

অনুষ্ঠান সঞ্চালনা করেন শারীরিক শিক্ষা দপ্তরের উপ-পরিচালক মেহের আরা বেগম।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার